গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী


| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা |
| সভার তারিখ | : | ০৯/১২/২০২২ খ্রি.। |
| সভার স্থান | : | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ। |
| সময় | : | বেলা ১০.০০ ঘটিকা। |

**সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনের অবহিতকরণ সভা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা ও পর্যলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
২। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ এপিএ চুক্তি অনুযায়ী আয়োজন করতে হবে।
৩। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ এপিএ চুক্তি অনুযায়ী আয়োজন করতে হবে।
৪। দপ্তরের ওয়েবসাইটের সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
৫। উত্তম চর্চার তালিকা প্রণয়ন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
৬। সেবাপ্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
৭। সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস করতে হবে।
৮। নির্ধারিত সময়ে সকল ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২.৩৪৫ তারিখঃ ৯/১২/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ২য় মতবিনিময় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা |
| সভার তারিখ | : | ০৯/১২/২০২২ খ্রি.। |
| সভার স্থান | : | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ। |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |


**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. দোলন দাস জানান যে ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২- ২৩ এর কার্যক্রম ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অত:পর সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

১। দপ্তরের ওয়েবসাইটের সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
২।সুশাসন প্রতিষ্ঠায় দপ্তরের সকল স্তরের জনবল কে দক্ষতা উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৩। দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে একত্রিত হয়ে একটি টিম হিসেবে কাজ করে সফলতা অর্জন করতে হবে।
৪। দায়িত্বশীলতার সাথে দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে স্বচ্ছতা- জবাবদিহিতা নিয়ে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
৫। তথ্য অধিকার আইন -২০০৯ অনুসারে তথ্য প্রদান নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬।দপ্তরের দুনীর্তি বিরোধী কার্যক্রম ও উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে হবে।

সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২.৩৪৬ তারিখঃ ৯/১২/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা |
| সভার তারিখ | ঃ | ০৯/১২/২০২২ খ্রি. । |
| সভার স্থান | ঃ | উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ । |
| সময় | ঃ | বেলা ১২.০০ ঘটিকা । |

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য ।**

সভার শুরুতে সভাপতি অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাগত বক্তব্যে সভাপতি গত সভার কার্যবিবরণীতে কারো কোন সংশোধনী আছে কিনা জানতে চান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়।

সভাপতির নির্দেশনা মোতাবেক অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. দোলন দাস জানান যে এপিএ চুক্তির আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২- ২৩ এর কার্যক্রম ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অত:পর সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

অতঃপর সভাপতি বলেন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর যে সকল সেবা প্রদান করে থাকে তা সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা সেটি নিয়ে আলোচনা করার নিমিত্তে সভার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা কে দপ্তরের সিটিজেন চার্টার উপস্থাপন করার জন্য আহবান করা হয় । সে প্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল , লালমাই , কুমিল্লার সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপন করেন। তিনি বলেন অত্র দপ্তর হতে ১১ ধরনের নাগরিক সেবা, ২ ধরনের দাপ্তরিক সেবা এবং ৪ ধরনের অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। উক্ত সেবা প্রদানে কি কি ডকুমেন্ট প্রয়োজন হয় এবং কত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয় তা উপস্থাপন করা হয়।

অত্র দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রধান সেবা গ্রহণ ইত্যাদি বিষয়ে উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১.সিটিজেন চার্টার এ বর্ণিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
২.মন্ত্রীপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৩.সিটিজেন চার্টারে বর্ণিত নিয়ম অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা ত্রৈমাসিক ভিত্তিতে ১ বার পরিবীক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা ।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৯.২২.৩৪৭ তারিখঃ০৯/১২/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১ । জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা ।
০২ । সংশ্লিষ্ট নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
লালমাই, কুমিল্লা।

২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর
ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী


সভাপতি : ডা.ফাহমিদা আফরোজ ,ইউএলও, লালমাই, কুমিল্লা।
সভার তারিখ : ০৯-১২-২০২২ খ্রি:
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ২:০০ ঘটিকা

**সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’দ্রষ্টব্য ।**

সভাপতি ,উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের সম্প্রসারন কর্মকর্তা ডা. দোলন দাস , ই- গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২ এর নির্ধারিত সূচকসমূহ সংক্ষেপে উপস্থাপন করেন । সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত অগ্রগতি পর্যবেক্ষণ করা হয় :

১. ই- নথির ব্যবহার করার উদ্যোগ নিতে হবে ।
২. তথ্য বাতায়ন এ বিভিন্ন প্রকাশনা ও তথ্য বাতায়নে প্রকাশের ব্যবস্থা চালু রাখতে হবে ।
৩. ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা যথাসময়ে করতে হবে ।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা.ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৩.২২-৩৪৮ তারিখ : ০৯-১২-২০২২ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য
১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
২) সংশ্লিষ্ট নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে তথ্য অধিকার বিষয়ে সচেতনা বিষয়ক ২য় সভার কার্যবিবরণী


সভাপতি : ডা.ফাহমিদা আফরোজ ,ইউএলও, লালমাই, কুমিল্লা।
সভার তারিখ : ০৯-১২-২০২২ খ্রি:
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ  দপ্তরের  সভা কক্ষ।
সময় : বেলা ৩:০০ ঘটিকা

**উপস্থিতি কর্মকর্তাদের  তারিকা পরিশিষ্ট-'ক'**

সভাপতি  সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অংশীজনের অংশগ্রহণের সবার কাজ আরম্ভ করেন ।অতঃপর বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ডা. দোলন দাস, স্বপ্রণোদিত তথ্যের তালিকা , তথ্য প্রদান করতে বাধ্য নয় এমন তালিকা , তথ্য পাওয়ার জন্য কিভাবে আবেদন করতে হবে সেই বিষয়গুলো বিস্তারিত তুলে ধরেন । বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

১. তথ্য অধিকার আইন এর ব্যাপক প্রচার করতে হবে ।
২. তথ্য অধিকার আইন অনুযায়ী কেউ আবেদন করলে ,তাকে বিধি মোতাবেক সেগুলো সরবরাহ করতে হবে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা.ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৩.২২-৩৪৯ তারিখ : ০৯-১২-২০২২ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য
১)  জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
২)  সংশ্লিষ্ট নথি ।